যুগান্তর

তারিখ 29 NOV 2006
পৃষ্ঠা ২০ কলাম ২

৭

# ছাত্রী বিক্ষোভ ঠেকাতে খুলনা মহিলা কলেজ হোস্টেল বন্ধ ঘোষণা

খুলনা ব্যুরো

খুলনার সরকারি মহিলা কলেজের ছাত্রীদের ৩টি আবাসিক হোস্টেল হঠাৎ করে বন্ধ করে দিয়েছে কর্তৃপক্ষ। এর ফলে মঙ্গলবার প্রায় ১ হাজার আবাসিক ছাত্রী বিপাকে পড়ে।

জানা গেছে, ৩ মাস আগে কলেজ হোস্টেলের সিট ভাড়া ১২০ টাকা থেকে ১৭০ টাকা ও সেশন চার্জ ৪৭ টাকা থেকে ৯২৫ টাকা ধার্য করা হয়। হোস্টেলে পানি সরবরাহও কমিয়ে দেয়া হয়। এছাড়া কড়াকড়ি আরোপের কারণে ছাত্রীদের অভিভাবকেরা বিড়ম্বনার শিকার হন। এ অবস্থায় আবাসিক ছাত্রীরা প্রতিবাদমুখর হয়ে ওঠে এবং [illegible] হল, ফজিলাতুন্নেছা হল ও পুরনো হলের ছাত্রীরা মিলে সর্বদলীয় ছাত্রী ঐক্য গঠন করে। ছাত্রী ঐক্যের প্রতিনিধিরা তাদের দাবি-দাওয়া নিয়ে কথা বলতে গেলে কলেজ অধ্যক্ষ প্রফেসর মাহফুজা বেগম ছাত্রীদের সঙ্গে দুর্ব্যবহার করেন। গত সোমবার সর্বদলীয় ছাত্রীরা অধ্যক্ষার অপসারণসহ কলেজের সমস্যা সমাধানের দাবিতে ক্যাম্পাসে বিক্ষোভ প্রদর্শন করে। এ অবস্থায় কলেজ কর্তৃপক্ষ মঙ্গলবার ভোরে হোস্টেল বন্ধ ঘোষণা করে ছাত্রীদের হলত্যাগের নির্দেশ দেয়।